রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, অক্টোবর ১, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

উন্নয়ন সমন্বয় শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ০৬ আশ্বিন ১৪২২/২১ সেপ্টেম্বর ২০১৫

**নম্বর-০৪.০০.০০০০.৭২১.০৬.০০১.১৫.২০**—২৬ জানুয়ারি ২০১৫ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকের সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে ফরিদপুর ও কুমিল্লা বিভাগ গঠনের লক্ষ্যে বিষয়টি সামগ্রিকভাবে পরীক্ষা ও পর্যালোচনা করে সুপারিশ পেশ করার জন্য নিম্নরূপ কমিটি গঠন করা হল :

**কমিটির গঠন** :

| | | | |
|---|---|---|---|
| (১) | সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ | - | সভাপতি |
| (২) | প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রতিনিধি (মহাপরিচালক পর্যায়ের) | - | সদস্য |
| (৩) | জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি (অতিরিক্ত সচিব/যুগ্মসচিব) | - | সদস্য |
| (৪) | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি (অতিরিক্ত সচিব/যুগ্মসচিব) | - | সদস্য |
| (৫) | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্রতিনিধি (অতিরিক্ত সচিব/যুগ্মসচিব) | - | সদস্য |
| (৬) | অর্থ বিভাগের প্রতিনিধি (অতিরিক্ত সচিব/যুগ্মসচিব) | - | সদস্য |
| (৭) | ভূমি মন্ত্রণালয়ের প্রতিনিধি (অতিরিক্ত সচিব/যুগ্মসচিব) | - | সদস্য |
| (৮) | অতিরিক্ত সচিব (জেলা ও মাঠপ্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ | - | সদস্য |
| (৯) | যুগ্মসচিব (জেলা ও মাঠপ্রশাসন), মন্ত্রিপরিষদ বিভাগ | - | সদস্য-সচিব |



**মূল্য** ঃ টাকা ৪.০০

**কমিটির কার্যপরিধি :**

(ক) বৃহত্তর ফরিদপুরের জেলাসমূহ নিয়ে একটি বিভাগ এবং বৃহত্তর কুমিল্লা ও বৃহত্তর নোয়াখালীর জেলাসমূহ নিয়ে আরেকটি বিভাগ গঠনের বিষয় পরীক্ষান্তে সুপারিশ প্রদান;

(খ) নতুন বিভাগের বিভাগীয় সদর দপ্তরে কোন্ কোন্ অধিদপ্তর/পরিদপ্তর/সংস্থার অফিস স্থাপন করা সমীচীন, সে বিষয়ে সুপারিশ প্রদান;

(গ) উল্লিখিত অফিসসমূহে স্থাপনের জন্য আবশ্যকীয় ভৌত অবকাঠামোর চাহিদা নিরূপণ;

(ঘ) প্রস্তাবিত বিভাগীয় অফিসসমূহের জন্য প্রয়োজনীয় লোকবল নির্ধারণ;

(ঙ) ভৌত অবকাঠামো এবং লোকবলের জন্য আর্থিক সংশ্লেষ নিরূপণ;

(চ) প্রস্তাবিত বিভাগের সীমানা সম্পর্কে সুপারিশ প্রদান ; এবং

(ছ) সংশ্লিষ্ট অন্যান্য বিষয়।

২। কমিটি এক মাসের মধ্যে সুপারিশ পেশ করবে এবং প্রয়োজনবোধে নতুন সদস্য কো-অপ্ট করা যাবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

বিজয় ভট্টাচার্য্য
অতিরিক্ত সচিব (সমন্বয়)

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক (দায়িত্বপ্রাপ্ত), বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd